



সিএসএস পরিচালিত

রেভারেন্ড পল্‌স হাই স্কুল

স্থাপিত: ১৯৮১



বিদ্যালয় কোড: ৩৭৩৯, ইআইআইএন নং: ১১৭৪১৮, কেন্দ্র কোড: ৪৯৪, থানা কোড - ২০৯০২, জেলা কোড: ২০

বিদ্যালয়ের চলমান নিয়ম-কানুন

- ১) শিক্ষার্থীদেরকে শ্রেণিকক্ষে নিয়মিত উপস্থিত থাকতে হবে। প্রত্যেক শিক্ষার্থীকে প্রতিদিন সকাল ৮:২৫ মিনিটের মধ্যে বিদ্যালয়ে প্রবেশ করে বিদ্যালয়ের প্রাতঃসমাবেশে অংশগ্রহণ করতে হবে।
- ২) প্রতিদিন সকাল ৮:২৫ মিনিটে বিদ্যালয়ের প্রাতঃসমাবেশ শুরু হবে। তাই, সকাল ৮:২৫ মিনিটের পর কোন শিক্ষার্থীকে বিদ্যালয়ের গেটে প্রবেশ করতে দেওয়া হবে না।
- ৩) প্রতিদিন বিদ্যালয়ের প্রত্যেক শিক্ষার্থীকে নির্ধারিত পোশাক (স্কুল ড্রেসসহ জুতো-মোজা) পরিধান করে আসতে হবে।
- ৪) মেয়ে শিক্ষার্থীরা সর্বদা বিদ্যালয়ের নির্ধারিত পোশাক পরিধান করে বিদ্যালয়ে প্রবেশ করতে হবে। যে সকল মেয়ে শিক্ষার্থী বোরখা পরে বিদ্যালয়ে প্রবেশ করে, তাদের সকলকে অবশ্যই বোরখা পরিবর্তন করে শ্রেণিকক্ষে প্রবেশ করতে হবে।
- ৫) ছেলে শিক্ষার্থীদের হেয়ার কাটিং সর্বদা ছোট এবং চুল কাটার ধরণ বা হেয়ার কাটিং হিসেবে সকল চুল ছোট ও মাথার চারিদিকের চুল সমান হবে।
- ৬) কোন শিক্ষার্থী যদি উপরের কোন একটি নিয়ম ভঙ্গ করে, তাহলে তাকে শ্রেণিকক্ষে প্রবেশ করতে দেওয়া হবে না। বিদ্যালয়ের প্রবেশ-গেট থেকে এ নিয়ম পালন করা হবে।
- ৭) কোন কারণে কোন শিক্ষার্থী বিদ্যালয়ে উপস্থিত হতে না পারলে স্ব স্ব শ্রেণি-শিক্ষককে অথবা উল্লেখিত মোবাইল (০১৩০৯১১৭৪১৮) নম্বরে ফোন করে জানাতে/ অবহিত করাতে হবে।
- ৮) শিক্ষার্থীদের সর্বদা মাস্ক পরা বাধ্যতামূলক। স্কুল ব্যাগে অতিরিক্ত মাস্ক রাখার চেষ্টা করতে হবে।
- ৯) শিক্ষার্থীদেরকে সর্বদা (৩ ফুট) সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে। কোনভাবেই শ্রেণিকক্ষে দৌড়া-দৌড়ি/ হুড়া-হুড়ি অথবা জটলা করা যাবে না।
- ১০) সকল শিক্ষার্থীকে টয়লেট/ ওয়াশ-রুম ব্যবহার করার পর অবশ্যই সাবান দিয়ে ভালোভাবে হাত ধৌত করতে হবে। এছাড়া টয়লেট/ ওয়াশ-রুম ব্যবহার করার পর পর্যাপ্ত পানি ব্যবহার করতে হবে।
- ১১) শিক্ষার্থীরা সর্বদা সারিবদ্ধভাবে শ্রেণিকক্ষে প্রবেশ ও প্রস্থান করবে। কোনভাবে দলা-দলি বা জটলা করা যাবে না।
- ১২) নিয়মিত ক্লাস কার্যক্রম চলাকালীন সময়ে বিশেষভাবে টিফিন পিরিয়ডে গেটের বাইরে যাওয়া সম্পূর্ণ নিষেধ। টিফিনের সময় শিক্ষার্থীদের সর্বদা বাসার তৈরী খাবার খেতে হবে। সর্বদা বাসা-বাড়ি থেকে টিফিন নিয়ে আসতে হবে।

নির্দেশক্রমে

কর্তৃপক্ষ।